সমকাল

তারিখ 30 DEC 2015
পৃষ্ঠা ২ কলাম ২

# নতুন ছয় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন

■ সমকাল প্রতিবেদক

নতুন ছয়টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এর মধ্যে রাজধানী ঢাকায় রয়েছে দুটি। মঙ্গলবার বিকেলে মন্ত্রণালয়ের ভিন্ন ভিন্ন প্রজ্ঞাপনে এসব বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গত রাতে সমকালকে এ তথ্য নিশ্চিত করেন।

ঢাকায় নতুন করে যে দুটি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন পাচ্ছে, এর মধ্যে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার গুলশানে এবং অন্যটি কানাডিয়ান ইউনিভার্সিটি হচ্ছে তেজগাঁওয়ে। অন্য চারটি বিশ্ববিদ্যালয় হচ্ছে, মানিকগঞ্জে এনপিআই ইউনিভার্সিটি অব বাংলাদেশ। খুলনায় নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি। কুষ্টিয়ায় রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রামে ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ সায়েন্স অ্যান্ড টেকনোলজি, চট্টগ্রাম।

বর্তমানে দেশে ৮৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয় চালু আছে। নতুন ৬টিসহ এ সংখ্যা এখন ৮৯ হলো।

গত সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয় থেকে মোট সাতটি বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদনের প্রস্তাব প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়। এর মধ্য থেকে প্রধানমন্ত্রী ছয়টির অনুমোদন করেন।